অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

হ্যারিয়েট টাবম্যানের অনুপ্রেরণাদায়ক জীবন ও ঐতিহ্যের সম্মানে ক্যানেল কর্পোরেশনের জলযানের নামকরণ করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

টাবম্যানের জন্মের দ্বিশতবার্ষিকীতে, রচেস্টারে ক্যানেল কর্পোরেশনের জলযান হ্যারিয়েট টাবম্যানকে তার সম্মানে নামকরণ করা হয়েছে

টাবম্যান দাসপ্রথার উচ্ছেদবাদীদের সঙ্গে সংযোগ স্থাপনের জন্য এরি ক্যানেল করিডরটি ব্যবহার করেছিলেন

হ্যারিয়েট টাবম্যান জলযানের ছবি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন (New York State Canal Corporation) দাসপ্রথার উচ্ছেদবাদী এবং মানবতাবাদী এই বিখ্যাত আমেরিকানের অনুপ্রেরণামূলক জীবন ও ঐতিহ্যের সম্মানে তাদের জলযানকে হ্যারিয়েট টাবম্যান নামকরণ করেছে। হ্যারিয়েট টাবম্যানের জন্মের দ্বিশতবার্ষিকীতে, ক্যানেল কর্পোরেশন রচেস্টারে এরি ক্যানেলের গিনিস নদী সংলগ্ন অংশে আয়োজিত একটি অনুষ্ঠানে পূর্বে নামহীন থাকা পুশ টাগবোটকে তার নামে উৎসর্গ করেছে, যে স্থানটি ফিঙ্গার লেকস-এর কাছে অউবার্নে এই উচ্ছেদবাদীর বাড়ি এবং শেষ বিশ্রামস্থল থেকে খুব বেশি দূরে নয়।

"নিউ ইয়র্ক দেশের বাকি অংশের জন্য স্বাধীনতা এবং মানবাধিকারের একটি প্রদীপ হয়ে প্রজ্জ্বলিত রয়েছে, এবং আমাদের ইতিহাস আইকনিক মহিলাদের দিয়ে পূর্ণ হয়ে আছে - হ্যারিয়েট টাবম্যান, সুজান বি. অ্যান্থনি, সোজার্নার ট্রুথ, এবং এডি উইন্ডসর যাদের মধ্যে কয়েকজন - যারা অন্যদের অধিকার ও স্বাধীনতা শক্তিশালী করার জন্য দারুণ সব ব্যক্তিগত ত্যাগ স্বীকার করেছেন," **বলেছেন গভর্নর হোকল।** "হ্যারিয়েট টাবম্যানের 200তম জন্মবার্ষিকী উদযাপন করার এই সময়ে, আমাদের স্টেট ও আমেরিকার ইতিহাসের প্রতি অর্থপূর্ণ ও স্থায়ী অবদান রেখে যাওয়া একজন আত্মত্যাগী দাসপ্রথা উচ্ছেদবাদী, আন্দোলনকারী, গৃহযুদ্ধের বীর, ও নার্স হিসেবে তার অঙ্গীকারাবদ্ধতার স্বীকৃতি প্রদান করতে পারা আমাদের জন্য একটি সম্মানের ব্যাপার। তার সম্মানে একটি জলযানের নামকরণ করার মাধ্যমে আমরা তার মহান ত্যাগ এবং আন্ডারগ্রাউন্ড রেলরোডের অংশ হিসেবে আমাদের স্টেটের ক্যানেলগুলো যে অনন্য ভূমিকা পালন করেছে তার গল্প তুলে ধরছি।"

টাবম্যান, আন্ডারগ্রাউন্ড রেলরোড আন্দোলনের একজন নেতৃস্থানীয় ব্যক্তি যিনি দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ কয়েক ডজন ব্যক্তিকে মুক্ত করতে সাহায্য করেছেন, এই ক্যানেল করিডর দিয়ে বেশ কয়েকবার ভ্রমণ করেছেন, যেখানে এরি, চ্যামপ্লেইন, ওসওয়েগো ও কায়ুগা-সেনেরা ক্যানেল বহু স্বাধীনতা প্রত্যাশীর জন্য কানাডা অভিমুখী অ্যাক্সেসযোগ্য রুট প্রদান করেছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "যে জলপথ বহু মানুষের জন্য স্বাধীনতার পথ দেখিয়েছিল সেই জলপথ দিয়ে নিত্যদিন কাজ করে যাওয়া একটি জলযানের নামকরণ করার মধ্য দিয়ে হ্যারিয়েট টাবম্যানের আজীবনের সাহসিকতা ও ত্যাগকে স্মরণ করতে পারা একটি অসাধারণ সম্মানের বিষয়। হ্যারিয়েট টাবম্যান নিঃসন্দেহে বিশ্বের সবচেয়ে আলোচিত মানবাধিকার বিষয়ক আইকনদের মধ্যে একজন এবং এই স্বীকৃতি আমাদের স্টেটের সঙ্গে, সুনির্দিষ্টভাবে বললে, এই ক্যানেল করিডরের সঙ্গে তার যোগাযোগের বিষয়টি উদযাপন করছে।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশনের ডিরেক্টর ব্রায়ান ইউ. স্ট্র্যাটন বলেন, "হ্যারিয়েট টাবম্যান আমাদের ইতিহাসের সবচেয়ে গুরুত্বপুর্ণ ব্যক্তিদের মধ্যে একজন এবং তার সাহসী অবদান এই ক্যানেলওয়ের সমৃদ্ধ ইতিহাসের সঙ্গে যোগ হয়েছে। আজ, আমরা তার জীবন ও ঐতিহ্যের পাশাপাশি উচ্ছেদবাদী আন্দোলনে এই ক্যানেলের ভূমিকাকে উদযাপন করছি, যা আমাদের স্টেটের ইতিহাসের এই অংশটিকে যে দৃষ্টিভঙ্গীর মধ্য দিয়ে আমরা অনুধাবন করে থাকি সেটিকে বিস্তৃত করছে।"

তাদের সেপ্টেম্বর মাসের বৈঠকে, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং ক্যানেল কর্পোরেশন বোর্ড অব ট্রাস্টিজ ইতোপূর্বে নামহীন থাকা এই পুশ টাগবোটকে সামাজিক আন্দোলন এবং মানবাধিকারের জন্য নিজের জীবন উৎসর্গকারী হ্যারিয়েট টাবম্যানের সম্মানে নামকরণ করার জন্য ভোট দেয়। 2019 সালের এই জলযান ওয়েইন কাউন্টির লায়ন্স-এ এরি ক্যানেল সংলগ্ন ক্যানেল কর্পোরেশনের রক্ষণাবেক্ষণ ফ্যাসিলিটিতে অবস্থান করছে। এই ক্যানেলে কাজ করার সময় এই টাগবোট ট্রানজিটের সময় মোটরবিহীন অন্যান্য জলযানকে ঠেলে এগিয়ে দেয়। এসব জলযানের মধ্যে রয়েছে ডেরিক বোট, ড্রেজ, এবং স্কাউ যেগুলো ক্যানেলের রুটিন কার্যক্রম যেমন খনন, বয়া স্থাপন, ধ্বংসাবশেষ অপসারণ, এবং উপাদান স্থানান্তর ইত্যাদি সম্পন্ন করার জন্য অপরিহার্য।

হ্যারিয়েট টাবম্যানের গ্রেট, গ্রেট, গ্রেট নিস এবং রচেস্টারের অধিবাসী জেরাল্ডিন হাওয়ার্ড তার খালার নিম্নোক্ত উদ্বৃতি শেয়ার করেন, "আমার দুইটি জিনিস পাওয়ার অধিকার ছিল, স্বাধীনতা অথবা মৃত্যু: যদি আমি একটি পেতে না পারি, তাহলে আমাকে অন্যটি পেতে হবে - কেউ আমাকে জীবিত আটক করতে পারবে না; আমি আমার শক্তি থাকা পর্যন্ত আমার স্বাধীনতার জন্য লড়াই করে যাবো, আর যখন আমার চলে যাওয়ার সময় হবে, স্রষ্টা তাদেরকে আমাকে নিয়ে যাওয়ার সুযোগ দেবেন।"

হ্যারিয়েট টাবম্যানের জন্মের দ্বিশতবার্ষিকী উদযাপন কর্মসূচির (Harriet Tubman Bicentennial Celebration Program) ডিরেক্টর এবং রচেস্টারের অধিবাসী জ্যাকুইলিন স্প্র্যাগ বলেন, "হ্যারিয়েট টাবম্যান বাইসেন্টেনিয়াল কমিশন (Harriet Tubman Bicentennial

Commission) ক্যানেল কর্পোরেশন কর্তৃক তাদের একটি পুশ বোট হ্যারিয়েট টাবম্যানের নামে নামকরণ করার এই সময়ে সহযোগিতার চেতনা উদযাপন করছে। তার জীবন ও ঐতিহ্য স্মরণ করা নিশ্চিত করতে এবং তার গল্প ও কাজ যাতে আমাদের বর্তমান ও ভবিষ্যতের রূপরেখা তৈরি করা চালিয়ে যেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে আমরা একসঙ্গে কাজ করছি - যখনই মানুষ হ্যারিয়েট টাবম্যানকে এই ক্যানেলে কাজ করতে দেখবে, আমরা আশা করছি যে তারা এই অগ্রপথিক উচ্ছেদবাদীর কথা, এবং কিভাবে নিবেদিত প্রচেষ্টা ও সহযোগিতার চেতনা নিয়ে তিনি বহু মানুষকে স্বাধীনতার পথে এগিয়ে নিয়েছিলেন সে কথা ভেবে দেখবে।"

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "অউবার্নে উচ্ছেদবাদী আন্দোলনের সঙ্গে এটির সংযোগ থেকে শুরু করে নিকটবর্তী সেনেকা ফলস-এ মহিলাদের ভোটাধিকার আন্দোলনের উৎস পর্যন্ত, এরি ক্যানেলের সমৃদ্ধ ঐতিহ্য নানাবিধ উপায়ে আমাদেরকে বৃহত্তর উচ্চতা ও অর্জনের দিকে এগিয়ে যেতে উৎসাহিত করছে। রচেস্টার সহ ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ অনুদান লাভ করা বিশটি ক্যানেল কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার জন্য আমাদের কাজ করে যাওয়ার এই সময়ে, এই ক্যানেলের অতীত পুনরায় নতুন করে প্রবৃদ্ধি ও সমৃদ্ধি অর্জনের নিয়ামক হয়ে উঠেছে।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "আমেরিকায় দাসপ্রথার ভয়ঙ্কর রীতির অবসান ঘটানোর ক্ষেত্রে হ্যারিয়েট টাবম্যানের অবদান এই সম্মানজনক স্বীকৃতি পাওয়ার দাবি রাখে। এই বৃহত্তর রচেস্টার অঞ্চলের সৌভাগ্য যে এটি একজন কমিউনিটি নেতা এবং নাগরিক অধিকারের নিরলস সমর্থক মিস. টাবম্যানকে পেয়েছিল। নিউ ইয়র্কের সবচেয়ে আইকনিক জলপথগুলোর একটিতে তার স্থায়ী ঐতিহ্যকে স্বীকৃতি দেওয়ার জন্য আমি NYS ক্যানেল কর্পোরেশন এবং হ্যারিয়েট টাবম্যান বাইসেন্টেনিয়াল কমিশনের প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর সামরা ব্রুক বলেন, "হ্যারিয়েট টাবম্যান আমাদের অন্যতম সেরা আমেরিকান ছিলেন, এবং আমরা তার উত্তরাধিকারকে সম্মান করার এবং অন্যদের জন্য অনুপ্রেরণা হিসেবে তার জীবন কর্ম তুলে ধরার উপায় খুঁজে বের করতে থাকা যুক্তিযুক্ত। আমি ক্যানেল কর্পোরেশনের প্রশংসা করি কারণ তারা হ্যারিয়েট টাবম্যানের নামে একটি পুশ টাগ নামকরণ করেছে, এবং আমরা সেই আমেরিকানদের কাজকে আলোকিত করার জন্য বড় ও ছোট উপায় খুঁজে বের করতে পারি যারা আমাদের আদর্শকে সর্বোচ্চ রূপদান করেন।"

অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস, নিউ ইয়র্ক স্টেটের ব্ল্যাক, পুয়ের্তোরিকান, হিসপ্যানিক ও এশিয়ান লেজিসলেটিভ ককেসাসের চেয়ারম্যান বলেন, "আমরা হ্যারিয়েট টাবম্যানের জন্ম দ্বিশতবার্ষিকী উদযাপন করার সময়, তার জীবনকে স্বীকৃতি দিতে আমাদের স্টেটকে নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। এই জলযান একটি দৈনিক রিমাইন্ডার হবে যে স্বাধীনতার যাত্রা দীর্ঘ ও চিরস্থায়ী। তার উত্তরাধিকারকে সম্মান জানানো এবং সেইসাথে ইতিহাস জুড়ে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের বিজয় ও সংগ্রামকে স্বীকৃতি দেওয়া আমাদের দায়িত্ব।"

অ্যাসেম্বলি সদস্য ডিমন্ড মিকস বলেন, "আমেরিকান নাগরিক অধিকারের ঐতিহ্য হলো রচেস্টার শহরের ঐতিহ্য। আমরা আমাদের শহরকে পুনরুজ্জীবিত করার জন্য কাজ করার

পাশাপাশি, রচেস্টারের জনগণ তার অতীতের জীবন ও শিক্ষাকে স্বীকৃতি দেওয়া অপরিহার্য। আমাদের দেশ ও আমাদের কমিউনিটির ইতিহাসে হ্যারিয়েট টাবম্যানের গভীর প্রভাব অপরিসীম। আজ তার উত্তরাধিকারকে স্মরণ করতে পারা একটি বিশেষ সুযোগ। জ্যাকলিন স্প্রাগ, হ্যারিয়েট টাবম্যান বাইসেন্টেনিয়াল কমিশন এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশনকে এই উদ্যোগের নেতৃত্ব দেওয়ার জন্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন, "হ্যারিয়েট টাবম্যানের সাহস, সহানুভূতি ও সাহসিকতার কোনো সীমা ছিল না। সত্যিই সীমা ছিল না। আমরা আজ এখানে এসেছি হ্যারিয়েট টাবম্যানকে সম্মান জানাতে, এরি ক্যানেলের পাশে, একটি জলপথ যা আন্ডারগ্রাউন্ড রেলপথের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। এটি একটি আনন্দদায়ক উপলক্ষ এবং আমেরিকাতে যা সঠিক ও ভালো তার প্রতি একটি অর্থপূর্ণ শ্রদ্ধাঞ্জলি। আজ, আমরা সম্মান করি যা আমাদের সকলের আকাঙ্ক্ষা হওয়া উচিত - হ্যারিয়েট টাবম্যানের মতো হওয়ার, সামাজিক ন্যায়বিচার এবং মানবতার জন্য একজন মহান যোদ্ধা, সকলের জন্য মর্যাদায় বিশ্বাসী।"

অ্যাসেম্বলি সদস্য সারা ক্লার্ক বলেন, "আমি হ্যারিয়েট টাবম্যানকে সম্মান জানিয়ে আজকের অনুষ্ঠানে যোগ দিতে পেরে সম্মানিত বোধ করছি, যিনি একজন পথপ্রদর্শক, যিনি সাহস ও শক্তিকে সংজ্ঞায়িত করেন। যেহেতু আমরা 2025 সালে এরি ক্যানেলের 200তম বর্ষপূর্তির জন্য প্রস্তুতি নিচ্ছি এবং আজকের নতুন টাগবোটের মতো অগ্রগতি উদযাপন করছি, আমরা আমাদের অনুপ্রাণিত করার জন্য টাবম্যানের মতো ঐতিহাসিক আইকন পেয়ে গর্ব বোধ করছি। জ্যাকলিন স্প্রাগ এবং হ্যারিয়েট ট্যাবম্যান বাইসেন্টেনিয়াল কমিশন এবং সকল কমিউনিটি অংশীদার ও স্টেকহোল্ডারদের এই উত্তেজনাপূর্ণ মুহূর্তটি বাস্তবে নিয়ে আসার জন্য ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য জেন লান্সফোর্ড বলেন, "মহান হ্যারিয়েট টাবম্যানের সম্মানে এই নতুন ক্যানেল পুশ টাগবোটের নামকরণ এই বছর বিশেষভাবে অর্থবহ কারণ আমরা তার জন্ম দ্বিশতবার্ষিকী উদযাপন করছি। এটি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে তার সাহসী জীবন উদযাপন করার অত্যন্ত অর্থপূর্ণ ও সুন্দর একটি উপায়, যে স্থানটি এই স্টেটের সবচেয়ে নান্দনিক কিছু ক্যানেল টাউনের ঠিকানা, যাদের মধ্যে দুইটি, ফেয়ারপোর্ট ও পিটসফোর্ড, আমার ডিস্ট্রিক্টে অবস্থিত হওয়ায় আমি দারুণভাবে গর্বিত। এটি একজন সত্যিকারের আমেরিকান নায়িকা, একজন উচ্ছেদবাদী, ভোটাধিকারবাদী ও মানবতাবাদী কর্মীকে সেই স্থানে সম্মান ও স্মরণ করার আরেকটি উপায় যে স্থানকে তিনি বাড়ি বলে ডাকার জন্য বেছে নিয়েছিলেন। আমি এখানে এসে আমাদের অঞ্চলে হ্যারিয়েট টাবম্যানের জীবন ও উত্তরাধিকার উদযাপন করতে পেরে সম্মানিত বোধ করছি।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "হ্যারিয়েট টাবম্যানের সাহসিকতা, দৃঢ় প্রত্যয় ও সাম্যের জন্য অবিরাম লড়াই আমাদের সকলের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে। নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কর্পোরেশন তার সম্মানে একটি পুশ টাগের নামকরণ করা উপযুক্ত কারণ হ্যারিয়েট টাবম্যান স্টেটের ক্যানেল সিস্টেম বরাবর স্বাধীনতা অন্বেষণকারীদের পথপ্রদর্শন করেছিলেন, দাসত্ব থেকে পালিয়ে আসা পুরুষ ও নারীদেরকে নিরাপদ পথ দেখিয়েছিলেন। আমাদের ভবিষ্যত নির্মাণের জন্য যারা নিজেদের সবকিছু উৎসর্গ করার ঝুঁকি নিয়েছিলেন তাদের নাম স্মরণ করে এবং তাদের গল্পগুলো বলার মধ্য দিয়ে আমরা আমাদের অতীতের প্রতি

সম্মান জানাচ্ছি। সমতা, মর্যাদা ও ন্যায়বিচারের জন্য নিত্যদিন লড়াই অব্যাহত রাখার এই সময়ে আমরা সবসময় হ্যারিয়েট টাবম্যানের ঐতিহ্যকে আগলে রাখবো।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "বহু আফ্রিকান আমেরিকানের মানসে দাসত্ব থেকে স্বাধীনতার দিকে পালিয়ে আসার একটি কোড ওয়ার্ড ছিল জর্দান নদী অতিক্রম করা। আমাদের ক্যানেল সিস্টেমে আমাদের নিজস্ব জর্দান নদী রয়েছে, যেটি হ্যারিয়েট টাবম্যান দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ মানুষদের নিরাপত্তার দিকে, প্রায় ক্ষেত্রেই কানাডা অভিমুখে, নিয়ে যাওয়ার জন্য ব্যবহার করেছিলেন। তাই, আমি মনে করি টাবম্যানের নামে একটি জলযানের নামকরণ করার মধ্য দিয়ে সেই ইতিহাসের প্রতি সম্মান দেখানো শুধু সঙ্গতই নয় বরং গুরুত্বপূর্ণ। তার সেই চেতনা আমাদের জলপথগুলো দিয়ে ভ্রমণ করতে থাকবে এবং স্বাধীনতা অর্জনের পথ নিশ্চিত করতে যারা নিজেদের জীবনের ঝুঁকি নিয়েছিলেন তাদের কথা আমাদেরকে স্মরণ করিয়ে দেবে।"

এরি ক্যানেলওয়ে ন্যাশনাল হেরিটেজ করিডর (Erie Canalway National Heritage Corridor)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর বব র‍্যাডলিফ বলেন, "তার জন্মের 200তম বার্ষিকীতে, আমাদের জাতির প্রতি হ্যারিয়েট টাবম্যানের অসামান্য অবদানের স্বীকৃতি দেওয়ার জন্য NYS ক্যানেল কর্পোরেশনের সঙ্গে যোগ দিতে পেরে আমরা সম্মানিত বোধ করছি। তার অদম্য চেতনা আমাদেরকে একটি অধিকতর সমতা ও সুযোগ দিয়ে পূর্ণ ভবিষ্যত গড়ে তোলার জন্য অনুপ্রাণিত ও আহবান করা চালিয়ে যাচ্ছে।"

রচেস্টারে দ্বিবার্ষিক নিউ ইয়র্ক স্টেট ক্যানেল কনফারেন্স সম্পন্ন হওয়ার পরে এই হ্যারিয়েট টাবম্যানের নামকরণের ঘটনা ঘটছে, যা রচেস্টারের ROC দ্যা রিভারওয়ে উদযাপনের সঙ্গে একই সময়ে ঘটছে, যে আয়োজনে এই শরতকালে বিভিন্ন ধরনের বৈচিত্র্যপূর্ণ প্রদর্শনী ও ইভেন্টের আয়োজন করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418